দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 01 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# শিক্ষার মানোন্নয়ন প্রকল্প বিষয়ে ইউজিসির ওরিয়েন্টেশন সভা

উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের অতিরিক্ত অর্থায়ন বিষয়ে মধ্যবর্তী মূল্যায়ন নিয়ে বিশ্ব ব্যাংকের সঙ্গে ইউজিসি'র ওরিয়েন্টেশন সভা রবিবার ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান প্রধান অতিথি হিসেবে উদ্বোধনী বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে সঞ্চালকের দায়িত্ব পালন করেন ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা।

উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের কনসালটেন্টবৃন্দ এবং স্ব-স্ব প্রোগ্রাম অফিসার্স কমপোনেন্টভিত্তিক কাজের অগ্রগতি অনুষ্ঠানে উপস্থাপন করেন। প্রফেসর ড. দিল আফরোজা বেগম, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি, সদস্য, ইউজিসি, ড. গৌরঙ্গ চন্দ্র মোহন্ত, এনডিসি, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প, ড. মোঃ মোখলেছুর রহমান, সিনিয়র অপারেশনস অফিসার, বিশ্ব ব্যাংক এবং ইউজিসি, বিশ্ব ব্যাংক এবং উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি